



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.৬২.০০০১.২৬.৩৫৬

তারিখ: ১২ বৈশাখ ১৪৩৩
২৫ এপ্রিল ২০২৬

বিষয়: ২০১৮ বিধিতে সরকারিকরণকৃত কলেজের প্রশিক্ষণবিহীন শিক্ষকদের Induction Training-এ তথ্য প্রেরণ।

সূত্র: ১) নায়ম পত্র নং- ৩৭.০৪.০০০০.২০৩.২৫.০৩৯.২৪/৭৯৭, তারিখ: ১৬.০৪.২০২৬ খ্রি.

২) নায়ম পত্র নং- ৩৭.০৪.০০০০.২০৩.২৫.০৩৯.২৪/৭৯৮, তারিখ: ১৬.০৪.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়ম), ঢাকা কর্তৃক বাস্তবায়িত Enhancing Professional Skills of Teachers স্কিম-বাস্তবায়নের নিমিত্তে Induction Training for Non-Cadre Government College Teachers বিষয়ক প্রশিক্ষণে ১০ টি ব্যাচ ১০ টি টিটিসিতে (যশোর, রংপুর, ময়মনসিংহ, বরিশাল, রাজশাহী, কুমিল্লা, সিলেট, ফরিদপুর, খুলনা ও ফেনী) আগামী ১৭.০৫.২০২৬ খ্রি. হতে এবং ৯ম পর্যায়ের ০৫টি ব্যাচ আগামী ১৭.০৫.২০২৬ খ্রি. হতে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়ম), ঢাকায় অনুষ্ঠিত হবে।

বর্ণিত প্রশিক্ষণে ২০১৮ বিধিতে সরকারিকরণকৃত কলেজের প্রশিক্ষণবিহীন শিক্ষকদের Induction Training-এ অংশগ্রহণ করার জন্য নিম্নোক্ত শর্তাবলী ও লিংকে গুগল ফরম পূরণপূর্বক আগামী ৩০.০৪.২০২৬ খ্রি. তারিখ বিকাল- ০৪:০০ টার মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

গুগল লিংক: <https://forms.gle/n8WGRPBMbJyRXP8a9>

প্রশিক্ষণে আবেদনের শর্তাবলী:

- নতুন সরকারিকরণকৃত কলেজের (২০১৮ বিধিতে) রাজস্বখাতে যোগদান ও বেতনভুক্ত শিক্ষকগণ;
- ০১.০১.২০২৬ খ্রি. তারিখে বয়স সর্বোচ্চ ৫৫ বছর এবং এক কলেজ হতে সর্বোচ্চ ০৩ (তিন) জনের নাম প্রেরণ করা যাবে (নিজ ই-মেইল থেকে আবেদন করতে হবে);
- ইতোপূর্বে যারা আবেদন করেছেন, কিন্তু প্রশিক্ষণ গ্রহণ করেননি, তাদেরকে পুনরায় আবেদন করতে হবে;
- কোন শিক্ষক সম্পর্কে ভুল তথ্য প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;
- বিভাগীয়/কোর্টে কোন মামলা চলমান থাকলে অথবা উক্ত প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শেষ আহরিত বেতনের প্রত্যয়নপত্র, সরকারিভাবে নিয়োগ ও যোগদানসহ এনআইডি এর কপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে একত্রে পিডিএফ আকারে গুগল লিংকে সংযুক্ত করতে হবে।

সংযুক্তি:

১. নায়ম চিঠি (Induction Training) ৯ম পর্যায়

২৫-০৪-২০২৬

সামিনা সুলতানা

সহকারী পরিচালক-৩

ফোন : ০২-৪১০৫০৬১৮

ইমেইল : dir-training@dshe.gov.bd